# অর্জন

## বাংলাদেশ কোস্ট গার্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর ব্যক্তিগত পৃষ্ঠপোষকতা, প্রাজ্ঞ দিক নির্দেশনা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতায় বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশানাল কর্মকান্ড পূর্বের তুলনায় বেশী বেগবান হয়েছে এবং সাফল্যের হারও বৃদ্ধি পেয়েছে আশাপ্রদভাবে। কোস্ট গার্ড এর নজরদারী ও অভিযান বৃদ্ধিতে সমুদ্রপথে অবৈধ কার্যক্রম পরিচালনায় ব্যাপক প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে। এতে অপরাধ কার্যক্রম উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। বিগত ২০১৯-২০২০ অর্থ বছরে বাংলাদেশ কোস্ট গার্ড প্রায় ১,৮২৫ কোটি ৬০ লক্ষ টাকার অধিক অবৈধ দ্রব্য সামগ্রী আটক করে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে।

### ১। **চোরাচালান প্রতিরোধ**

শুধুমাত্র চোরাচালান প্রতিরোধ অপারেশানে বাংলাদেশ কোস্ট গার্ড ২০১৯-২০২০ অর্থ বছরে প্রায় ১৬১ কোটি ৪৭ লক্ষ টাকার বিভিন্ন প্রকার চোরাচালান পণ্য আটক করেছে।




**বাংলাদেশ কোস্ট গার্ড পূর্ব জোন (চট্টগ্রাম) কর্তৃক আটককৃত স্বর্নের বার**



**বাংলাদেশ কোস্ট গার্ড, ঢাকা জোন কর্তৃক আটককৃত অবৈধ শাড়ী ও কাপড়**

## ২। **অবৈধ অস্ত্র উদ্ধার**

বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরে ৪৩টি অবৈধ অস্ত্র, ৫৪ রাউন্ডস তাজা গোলা, ০৯ রাউন্ডস ব্ল্যাংক কার্টিজ ও ৯৬টি দা/রামদা/ছুরি আটক করা হয়েছে।




**বাংলাদেশ কোস্ট গার্ড, দক্ষিণ জোন (ভোলা) কর্তৃক আটককৃত রামদা ও ডাকাত**



**বাংলাদেশ কোস্ট গার্ড, পশ্চিম জোন (মংলা) কর্তৃক আটককৃত অস্ত্র**

৩। **<u>মৎস্য সম্পদ রক্ষা</u>**

মৎস্য সম্পদ রক্ষা অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরে প্রায় ১৫৫২ কোটি ৯৮ লক্ষ টাকার ১২,১৫,৪৬০ কেজি জাটকা/মা ইলিশ, ৩০,৫১,৬২,৮৫০ মিটার কারেন্ট জাল, ৭,১০,০৮,৯৫৮ মিটার অন্যান্য জাল, ১,৫৪,৯৮৩ টি মশারি/বেহুন্দি জাল এবং ১৫,৪১,৮১,৯৪৫ পিস চিংড়ি পোনা আটক করা হয়েছে।



**বাংলাদেশ কোস্ট গার্ড, পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ কারেন্ট জাল**




**বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক আটককৃত জাটকা**

৪।   **<u>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ</u>**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড নিয়মিতভাবে বিশেষ অভিযান পরিচালনা করে ২০১৯-২০২০ অর্থ বছরে প্রায় ১০৬ কোটি ৪৮ লক্ষ টাকা মূল্যের মাদকদ্রব্য আটক করেছে যার মধ্যে ২৭,০৩,১৮০ পিস ইয়াবা, ২,১৭৫ বোতল/ক্যান বিভিন্ন প্রকার মাদক, ২,৩৭৮ লিটার দেশীয় মদ ও ০৯ কেজি গাঁজা আটক করেছে।




**বিসিজি স্টেশান টেকনাফ (পূর্ব জোন, চট্টগ্রাম) কর্তৃক আটককৃত অবৈধ ইয়াবা**




**বাংলাদেশ কোস্ট গার্ড পশ্চিম জোন কর্তৃক আটককৃত বিয়ারের বোতল**

## ৫। <u>বনজ সম্পদ রক্ষা</u>

সুন্দরবনসহ দেশের অন্যান্য অঞ্চলের মূল্যবান বনজ সম্পদ রক্ষায় পরিচালিত অভিযানে কোস্ট গার্ড অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। ২০১৯-২০২০ অর্থ বছরে প্রায় ০৪ কোটি ১০ লক্ষ টাকার প্রায় ১৫,৭৯৩ ঘনফুট বিভিন্ন প্রকার বনজ সম্পদ আটক ও ১১ টি তক্ষক উদ্ধার করেছে।



**বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক আটককৃত তক্ষক**




**বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক আটককৃত হরিণের মাংস**



C:\Users\Rashed\Desktop\daily\09-09-21\19-20\Annual Report 2019-2020 - Achivement.doc